



কি পড়বে? কেন পড়বে?

SURVEY TABLE

কতটুকু পড়বে? কিভাবে পড়বে?

CONCEPT NO	MAGNETIC DECISION [যা পড়বে]	MAKING DECISION [যে কারণে পড়বে]								VVI For This Year	
		DU	JU	RU	CU	GST	MAT	DAT	HSC	WRITTEN	MCQ
CONCEPT-01	স্নায়বিক সমন্বয়	10%	10%	20%	10%	20%	20%	10%	50%	★	★★
CONCEPT-02	একনজরে স্নায়ুতন্ত্র ও স্নায়ু	90%	90%	90%	90%	70%	60%	40%	90%	★★★	★★★
CONCEPT-03	মস্তিষ্ক	20%	20%	20%	20%	30%	60%	50%	90%	★★	★★★
CONCEPT-04	চোখ সম্পর্কিত তথ্যাবলি	40%	50%	40%	50%	50%	90%	90%	90%	★★	★★★
CONCEPT-05	কান সম্পর্কিত তথ্যাবলি	50%	40%	40%	30%	20%	40%	30%	70%	★	★★
CONCEPT-06	গ্রন্থি ও হরমোন সম্পর্কিত তথ্যাবলি	90%	90%	90%	90%	90%	90%	90%	90%	★★★	★★★

DU = Dhaka University, JU = Jahangirnagar University, RU = Rajshahi University, CU = Chittagong University, GST = General University/Science & Technology University, MAT = Medical Admission Test, DAT = Dental Admission Test


CONCEPT 01 স্নায়বিক সমন্বয়

সমন্বয়: বিভিন্ন অঙ্গতন্ত্রের পারস্পরিক সহযোগিতামূলক কাজের মাধ্যমে দেহের সকল কর্মকাণ্ড সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ার প্রক্রিয়াকে সমন্বয় বলে।

ITEM 01 নিউরন

মানুষের স্নায়বিক সমন্বয়ের প্রধান সমন্বয়কারী স্নায়ুতন্ত্রের গঠন ও কার্যকরী একককে নিউরন বলে। ১০০ বিলিয়ন (এক লক্ষ কোটি) নিউরন এবং ১ বিলিয়ন (একশত কোটি) নিউরোগ্লিয়া কোষ থাকে।

➤ গঠন:



➤ নিউরনের প্রকারভেদ:

অবস্থানের ভিত্তিতে নিউরন	কাজের প্রকৃতি অনুসারে নিউরন
মেরুহীন (Apolar): ডেনড্রাইট ও অ্যাক্সন নেই (সেরেব্রাল হেমিস্ফিয়ারের বহিঃস্তরে এবং চোখের রেটিনার মধ্যবর্তী নিউক্লিয়ার স্তরে)।	সংবেদী (Sensory): দেহের বিভিন্ন প্রান্তের গ্রাহক থেকে স্নায়ু উদ্দীপনা সংবেদী নিউরনের মাধ্যমেই কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রে যায়।
একমেরু যুক্ত (Unipolar): একটিমাত্র অ্যাক্সন (প্রান্তীয় স্নায়ুতন্ত্রে থাকে, প্রধানত সেপরি)।	চেষ্টীয় (Motor): এসব নিউরন স্নায়ু উদ্দীপনা কেন্দ্রীয় স্নায়ুতন্ত্র থেকে বিভিন্ন অঙ্গে নিয়ে আসে।
ছদ্ম মেরুযুক্ত (Pseudo-unipolar): ডেনড্রাইট ও অ্যাক্সন একটি দন্ড থেকে উৎপন্ন (স্পাইনাল গ্যাংলিয়া ও করোটিক স্নায়ু গ্যাংলিয়ায়)।	মিশ্র বা সমন্বয়ক (Adjustor): সংবেদী ও চেষ্টীয় নিউরনের মধ্যে সংযোগ সাধন করে এসব নিউরন।
দ্বিমেরুযুক্ত (Bipolar): একটি অ্যাক্সন ও একটি ডেনড্রাইট (রেটিনা, কর্কিয়া, নাকে পাওয়া যায়)।	
বহু মেরুযুক্ত (Multipolar): একাধিক ডেনড্রাইট ও একটি অ্যাক্সন (স্তন্যপায়ীদের মস্তিষ্ক ও স্পাইনাল কর্ডে পাওয়া যায়)।	

➤ নিউরোগ্লিয়া:

নিউরন যে যোজক টিস্যুর ভিতরে সুরক্ষিত থাকে তাকে নিউরোগ্লিয়া বলে।

চার রকমের নিউরোগ্লিয়া হলো: (i) অ্যাস্ট্রোসাইটস (ii) অলিগোডেনড্রোসাইটস (iii) মাইক্রোগ্লিয়া (iv) এপেনডাইমা।

(Ref: আজমল স্যার, আলীম স্যার)

ITEM 02 সিন্যাপস

দুটি স্নায়ুর মধ্যে সূক্ষ্ম ফাঁকযুক্ত সংযোগস্থল যেখানে একটি নিউরনের অ্যাক্সনের প্রান্ত শেষ হয় এবং অন্য একটি নিউরন শুরু হয়, তাকে সিন্যাপস বলে।

➤ গঠন:

- প্রিসিন্যাপটিক মেমব্রেন
- সিন্যাপটিক ক্রেফট (২০ ন্যানোমিটার লম্বা)
- পোস্ট সিন্যাপটিক মেমব্রেন
- সিন্যাপটিক নব

➤ সিন্যাপসের কাজ:


- এগুলো এক নিউরন থেকে অন্য নিউরনের তথ্যের প্রেরণ কেন্দ্র হিসেবে কাজ করে।
- নিউরোট্রান্সমিটার বস্তু ক্ষরণ করে।
- উদ্দীপনা বাছাই করে কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রে প্রেরণ করে।
- বিভিন্ন নিউরনের মধ্যে সমন্বয় ঘটায় এবং স্নায়ু উদ্দীপনার গতিপথ নির্ধারণ করে।

➤ সিন্যাপসের প্রকারভেদ: অ্যাক্সোসোম্যাটিক সিন্যাপস, অ্যাক্সোডেনড্রাইটিক সিন্যাপস, অ্যাক্সোঅ্যাক্সোনিক সিন্যাপস, ডেনড্রোডেনড্রাইটিক সিন্যাপস।

➤ সিন্যাপসের মাধ্যমে স্নায়ু উদ্দীপনা পরিবহণ এর প্রবাহ চিত্র:

স্নায়ু উদ্দীপনা → সাইনাপটিক নব → সাইনাপটিক ভেসিকল → এসিটাইল কোলাইন → স্নায়ু উদ্দীপনা পরিবহন → সাইনাপটিক ক্রেফট → পোস্ট সাইনাপটিক মেমব্রেন

(Ref: আজমল স্যার, আলীম স্যার, মাজেদা ম্যাডাম)



চিত্র: সিন্যাপসের গঠন

ITEM 03 নিউরোট্রান্সমিটার

যেসব রাসায়নিক বস্তু স্নায়ুকোষ থেকে নিঃসৃত হয়ে স্নায়ু উদ্দীপনার তথ্যকে এক নিউরন হতে অন্য নিউরনে, থ্যালামাস কিংবা পেশীকোষ কিংবা কোন গ্রন্থিতে পরিবহনে সহায়তা করে তাদেরকে নিউরোট্রান্সমিটার বলে।

➤ কয়েকটি নিউরোট্রান্সমিটার:

নাম	উদাহরণ
জৈব অ্যামিন	এপিনেফ্রাইন, ডোপামিন, হিস্টামিন, সেরোটোনিন, নরএপিনেফ্রাইন
পেপটাইড	এন্ডোরফিন, ডাইনোরফিন, সাবস্টেপ-P, নিউরোটেনসিন, সোম্যাটোস্টেটিন
অ্যামিনো অ্যাসিড	GABA, গ্লাইসিন, গ্লুটামিক অ্যাসিড, অ্যাসপারটিক অ্যাসিড
অন্যান্য	অ্যাডিনোসিন, ATP, NO, CO, অ্যাসিটাইলকোলিন (সবচেয়ে বেশি ব্যবহৃত), প্রোস্টাগ্ল্যান্ডিন

(Ref: আজমল স্যার, আলীম স্যার)

SAQ
Short Ans Question

WRITTEN SUGGESTION

BAQ
Broad Ans Question

◆ একটি স্নায়ুকোষের (Neuron) গঠন চিত্রসহ বর্ণনা কর।

উত্তর: উপরের অংশের আলোচনা থেকে দেখে নাও।

◆ অ্যাক্সন ও ডেনড্রাইটের মধ্যে পার্থক্য লিখ?

উত্তর: অ্যাক্সন ও ডেনড্রাইটের মধ্যে পার্থক্য :

পার্থক্যের বিষয়	অ্যাক্সন	ডেনড্রাইট
প্রতিটি স্নায়ুকোষে সংখ্যা	একটি মাত্র	এক বা একাধিক কখনও অনুপস্থিত
প্রকৃতি	চেষ্টীয় প্রবর্ধক	সংবেদী প্রবর্ধক
দৈর্ঘ্য	লম্বা	খাটো
শাখা-প্রশাখা	নেই	আছে
মেডুলারি আবরণ	আছে	নেই
র্যানভিয়ারের পর্ব	থাকে	থাকে না
উদ্দীপনা পরিবহন	কোষদেহ থেকে দূরে	দূর থেকে কোষদেহে

◆ সিন্যাপসের প্রকারভেদ লিখ?

উত্তর: সিন্যাপস চার রকম, যথা:

১. অ্যাক্সোসোম্যাটিক সিন্যাপস
২. অ্যাক্সোডেনড্রাইটিক সিন্যাপস
৩. অ্যাক্সোঅ্যাক্সোনিক সিন্যাপস
৪. ডেনড্রোডেনড্রাইটিক সিন্যাপস।



REAL TEST



ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS



STEP 01 ANALYSIS OF DU QUESTION

01. চোখের নিউরোট্রান্সমিটার হিসেবে কার্যকরী রাসায়নিক নাম- [DU: 08-09]

- A. Glutamate B. Rodopsin
C. Acetylcholin D. Dopamin

Ans C Why অপটিক স্নায়ুর সিন্যাপসে অ্যাসিটাইলকোলিন থাকে। রডোপসিন এক প্রকার প্রোটিন। গ্লুটামেট, ডোপামিন এক ধরনের নিউরোট্রান্সমিটার যা চোখে কাজ করে না।

STEP 02 ANALYSIS OF JU QUESTION

01. কোনটি সোয়ান কোষ নির্মিত? [JU-D, Set-A. 20-21]

- A. নিউরিলেমা B. মায়োলিন সিথ
C. ডেনড্রাইট D. টেলোডেনড্রিয়া

Ans B Why অ্যাক্সন একটি অথবা দুটি আবরণ দিয়ে আবৃত থাকে এবং তখন এর নাম হয় স্নায়ুতন্ত্র। চাপা সোয়ান কোষ নির্মিত নিউরিলেমা নামক একটি আবরণীতে অ্যাক্সন আবৃত থাকে। আবরণীর নাম মায়োলিন সিথ আবরণ।

02. কোনটি নিউরোগ্লিয়ার অন্তর্ভুক্ত নয়? [JU: Unit-D;Set-F,18-19]

- A. মাইক্রোগ্লিয়া B. মায়োলিন সিথ
C. অ্যাস্ট্রোসাইটস D. এপেনডাইমা

Ans B

03. কোনটি নিউরোগ্লিয়া এর অন্তর্ভুক্ত নয়? [JU: Unit-D;Set-H,18-19]

- A. মাইক্রোগ্লিয়া B. সিন্যাপটিক নব
C. অ্যাস্ট্রোসাইটস D. এপেনডাইমা

Ans B

04. কোনটি কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের নিউরোট্রান্সমিটার নয়? [JU: Unit-D;Set-I,18-19]

- A. গ্লুটামেট B. অ্যাসিটাইল কোলিন
C. GABA D. গ্লাইসিন

Ans B Why স্নায়ুতন্ত্রের ভিত্তিতে নিউরোট্রান্সমিটার ২ প্রকার:

- i. কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের নিউরোট্রান্সমিটার: ডোপামিন, GABA, গ্লাইসিন, গ্লুটামেট প্রভৃতি।
ii. প্রান্তীয় স্নায়ুতন্ত্রের নিউরোট্রান্সমিটার: অ্যাসিটাইল কোলিন, অ্যাড্রেনালিন, নর অ্যাড্রেনালিন, হিস্টামিন প্রভৃতি।

05. নিম্নের কোনটি স্নায়ুকলা? [JU:D, 13-14]

- A. বৃক্ক B. মস্তিষ্ক
C. ফুসফুস D. হৃৎপিণ্ড

Ans B

06. স্নায়ুকলা গঠিত হয় — দিয়ে। [JU:D, 10-11]

- A. স্নায়ুকোষ B. নিউরোগ্লিয়া
C. স্নায়ুকোষ ও নিউরোগ্লিয়া D. গ্যাংগ্লিয়া

Ans C

STEP 03 ANALYSIS OF RU QUESTION

01. নিম্নের কোনটির মাধ্যমে নিউরনের মধ্যে দিয়ে স্নায়ু অনুভূতি সঞ্চারিত হয়? [RU: C, 16-17]

- A. অ্যাসিটিক B. অ্যাসিটাইল কো-এ
C. অ্যাসিটাইল কোলাইনর D. অ্যাসপারটিক এসিড

Ans D

02. স্নায়ুকলার কোষীয় একক কোনটি? [RU: 14-15]

- A. নেফ্রন B. নিউরন
C. ব্রঙ্কিওল D. হেপাটোসাইট

Ans B

03. স্নায়ুরঞ্জুর মায়োলিন আবরণ গঠন করে কোনটি? [RU: 13-14]

- A. অ্যাস্ট্রোসাইট B. মাইক্রোগ্লিয়া
C. অলিগোডেনড্রোসাইট D. নিউরন

Ans C

04. যে 'নিউরনে' স্নায়ুকেশ অনুপস্থিত থাকে তাকে বলে- [RU: 12-13, 11-12]

- A. একমেরু বিশিষ্ট নিউরন
B. মেরুহীন নিউরন
C. দ্বি-মেরু বিশিষ্ট নিউরন
D. বহুমেরু বিশিষ্ট নিউরন

Ans B

05. নিউরনের অংশ নয়- [RU: 11-12]

- A. সোমা B. ডেনড্রাইড
C. অ্যাক্সন D. সারকোলেমা

Ans D

06. স্নায়ু কোষ দেহের নিস্বল দানায়ুক্ত এলাকা থেকে যে দীর্ঘাকার নিউরাইটটি উৎপন্ন হয় তাকে বলে- [RU: 10-11]

- A. ডেনড্রাইট B. অ্যাক্সন
C. নিউরন D. উপরের সবগুলো

Ans B

07. ডর্সালরুটে অবস্থানকারী নিউরনের নাম- [RU: 08-09]

- A. সেলরি B. মোটর
C. মিশ্র D. সবগুলোই

Ans A

08. কোন কোষ দ্বারা স্নায়ুর মায়োলিন আবরণী গঠিত? [RU: 04-05]

- A. নিসেল কোষ B. সোয়ান কোষ
C. মুলারিয়ান কোষ D. নিউরণ

Ans B

09. দুটি নিউরণের মধ্যবর্তী সংযোগস্থল হল- [RU: 04-05]

- A. সাইন্যাপসিম B. ডেনড্রাইট
C. সাইন্যাপস D. অ্যাক্সন

Ans C

STEP 04 ANALYSIS OF CU QUESTION

01. কোনটি কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের নিউরোট্রান্সমিটার? [CU-A, Shift-3. 20-21]

- A. অ্যাড্রেনালিন B. হিস্টামিন
C. পেপসিন D. ডোপামিন

Ans D Why স্নায়ুতন্ত্রের ভিত্তিতে নিউরোট্রান্সমিটার ২ প্রকার:

- i. কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের নিউরোট্রান্সমিটার: ডোপামিন, GABA, গ্লাইসিন, গ্লুটামেট প্রভৃতি।
ii. প্রান্তীয় স্নায়ুতন্ত্রের নিউরোট্রান্সমিটার: অ্যাসিটাইল কোলিন, অ্যাড্রেনালিন, নর অ্যাড্রেনালিন, হিস্টামিন প্রভৃতি।

02. 'শন' (Schwann) কোষ পাওয়া যায়- [CU: F1, 16-17]

- A. স্নায়ুকলায় B. তরল যোজক কলায়
C. অস্থিকলায় D. আবরণীয় কলায়
E. পেশীকলায়

Ans A

03. সিন্যাপস-এর মধ্যে রাসায়নিক প্রেরক হচ্ছে- [CU: 13-14]

- A. অ্যাসিটাইলকোলিন B. অ্যাসিটাইলকোনিষ্টারেজ
C. টায়ালিন D. পিত্ত
E. ইন্সট্রোজেন

Ans A

04. স্নায়ুকোষের সংযোগস্থলকে বলা হয়- [CU:13-14 ; RU:12-13]

- A. গ্যাংগ্লিয়ন B. সাইন্যাপস
C. নিউক্লিয়াস D. সংযোজক স্নায়ুতন্ত্র

Ans A

05. ডেনড্রাইট এর অবস্থান কোথায়? [CU:08-09]

- A. ডেনমার্কে B. দেহ কোষে
C. নিউরনে D. জনন কোষে

Ans C

STEP 06 ANALYSIS OF GST QUESTION**PART A Analysis of General University Question****JnU**

01. নিচের কোনটি স্নায়ুর প্রেরক (Neurotransmitter)? [JnU: A, 15-16]
 A. অ্যাসিটাইল কোলিন B. প্রোজামা প্রোটিন
 C. ইনসুলিন D. গ্লুকাগন **Ans A**
02. নিউরন কোথায় পাওয়া যায়? [JnU.08-09]
 A. বৃক্ক B. যকৃত
 C. শুক্রাশয় D. কোনটিই নয় **Ans D**
03. নিসল দানা পাওয়া যায়- [JnU. 07-08]
 A. Neurone B. Omatidium
 C. Nephron D. Digestive juice **Ans A**

KU

01. প্রাণীদেহের কোন কলায় ডেনড্রাইট বিদ্যমান? [KU. 11-12]
 A. আবরণী B. যোজক
 C. পেশী D. স্নায়ু **Ans D**
02. নিউরনের টেলোডেনড্রিয়ার শেষ প্রান্তের স্ফীত অংশের নাম- [KU.09-10]
 A. সোয়ান কোষ B. সিন্যাপটিক নব
 C. নিউরিলেমা D. মায়োলিন **Ans B**

IU

01. প্রাপ্ত বয়স্ক মানুষের মস্তিষ্কে নিউরনের সংখ্যা- [IU. 19-20]
 A. 10 মিলিয়ন B. 10 কোটি
 C. 10 বিলিয়ন D. 10 লক্ষ
Ans C Why প্রাপ্তবয়স্ক মানুষে মস্তিষ্কের আয়তন প্রায় 1500 ঘন সেন্টিমিটার, গড় ওজন প্রায় 1.36 কেজি এবং এতে প্রায় 100 বিলিয়ন/ 100 বিলিয়ন (পুরাতন সংস্করণ) নিউরন থাকে। মস্তিষ্ক স্নায়ুতন্ত্রের সবচেয়ে বড়, জটিল ও গুরুত্বপূর্ণ অংশ।
02. কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের যোজক কলাকে বলা হয়- [IU. 12-13]
 A. ডেনড্রাইট B. অ্যাক্সন
 C. নিউরোগ্লিয়া D. সবগুলি **Ans C**

BRUR

01. নিউরনের কার্যকারিতা শ্রেণিবিভাগ কয়টি? [BRUR. 12-13]
 A. 2 B. 3
 C. 8 D. 5 **Ans B**
02. নিউরনের প্রধান ধরন কয়টি? [BRUR. 12-13; RU:F1, 10-11]
 A. 3টি B. 8টি
 C. 5টি D. 6টি **Ans A**

PART B Analysis of Science & Technology Question**MBSTU**

01. নিউরনের কোন অংশ উদ্দীপনা গ্রহণ করে? [MBSTU. 12-13]
 A. সিন্যাপটিক নব B. অ্যাক্সন
 C. হাইডেনসিটি D. ডেনড্রাইট **Ans D**

BSMRSTU

01. নিউরনের যে অংশে নিউক্লিয়াস থাকে তাকে কী বলে? [BSMRSTU: H, 18-19]
 A. কোষ দেহ B. নিসল দানা
 C. হোয়াইট ম্যাটার D. বারতন্ত্র
Ans A Why স্নায়ুতন্ত্রের গঠন ও কার্যকরী একককে নিউরন বলে। নিউরনের দুটি প্রধান অংশে কোষদেহ এবং প্রলম্বিত অংশ বা নিউরাইট। নিউরনের কোষদেহে অংশে নিউক্লিয়াস থাকে।

02. অ্যাক্সনের মধ্যে কি থাকে? [BSMRSTU. 12-13]
 A. মাইক্রোটবিউল B. নিউরোফিলামেন্ট
 C. লাইসোসোম D. সবগুলো **Ans D**

PUST

01. জীবদেহের সমন্বয়কারী অঙ্গতন্ত্র কোনটি? [PUST. 12-13]
 A. স্নায়ুতন্ত্র B. এন্ডোক্রিনতন্ত্র
 C. A ও B উভয়ই D. কোনটিই নয় **Ans C**

HSTU

01. প্রাণীদেহে দীর্ঘতম কোষ কোনটি? [HSTU: A, 18-19; MAT. 92-93]
 A. নেফ্রোসাইট
 B. নিউরন
 C. গবলেট কোষ
 D. লোহিত রক্ত কণিকা

Ans B Why প্রাণীদেহের দীর্ঘতম কোষ নিউরন যা 1.37 মিটার লম্বা
 • সবচেয়ে বড় কোষ উটপাখির ডিম।

02. দ্বি-মেরুযুক্ত নিউরনে কি থাকে? [HSTU. 17-18]
 A. একটিমাত্র এক্সন
 B. একটি এক্সন ও একটি ডেনড্রাইট
 C. একাধিক ডেনড্রাইট ও একটি এক্সন
 D. দুটি এক্সন ও দুটি ডেনড্রাইট

Ans B Why নিউরন পাঁচ ধরনের:

- মেরুহীন (Apolar): নিউরনে ডেনড্রাইট ও অ্যাক্সন নেই।
- একমেরুযুক্ত (Unipolar): একটি মাত্র অ্যাক্সন।
- ছদ্ম মেরুযুক্ত (Pseudounipolar): ডেনড্রাইট ও অ্যাক্সন একটি দন্ড থেকে উৎপন্ন।
- দ্বিমেরুযুক্ত (Bipolar): একটি অ্যাক্সন ও একটি ডেনড্রাইট।
- বহুমেরুযুক্ত (Mutipolar): একাধিক ডেনড্রাইট ও একটি অ্যাক্সন।

PSTU

01. মানুষের নিউরন কোষের দৈর্ঘ্য কত? [PSTU: G,17-18]
 A. 25 সে.মি B. 50 সে.মি
 C. 95 সে.মি D. 100 সে.মি

Ans D Why মানুষের নিউরন কোষ প্রায় 1 মিটার বা 100 সে.মি লম্বা।

RMSTU

01. মানবদেহে মটর নিউরন কোষের দৈর্ঘ্য কত? [RMSTU: C. 19-20]
 A. 1.35 meter B. 1.37 meter
 C. 1.33 meter D. 1.39 meter

Ans B Why নিউরন কোষ প্রাণীদেহের সবচেয়ে বড় কোষ। যার দৈর্ঘ্য 1.37 মিটার বা 137 সে.মি।

STEP 07 ANALYSIS OF MEDICAL & DENTAL QUESTION**MAT**

01. প্রাপ্তবয়স্ক মানব মস্তিষ্কের নিউরন সংখ্যা কত? [MAT. 16-17; CU.13-14; BSMRSTU. 13-14]
 A. 10 বিলিয়ন B. 100 বিলিয়ন
 C. 10 মিলিয়ন D. 1 বিলিয়ন **Ans B**
02. স্নায়ুকোষের অপর নাম-/ স্নায়ুতন্ত্রের ক্ষুদ্রতম একককে বলে- [MAT. 91-92; RU.F1, 10-11, 11-12]
 A. নিউরন B. ডেনড্রাইট
 C. অ্যাক্সন D. কোনটিই নয় **Ans A**

◀ CONCEPT ▶

02


একনজরে স্নায়ুতন্ত্র ও স্নায়ু



ITEM 01

স্নায়ুতন্ত্র

নিউরন সমন্বিত যে তন্ত্রের সাহায্যে দেহ বাহ্যিক ও অভ্যন্তরীণ উদ্দীপনায় সাড়া দিয়ে বিভিন্ন দৈহিক ও শারীরবৃত্তিক কাজের সামঞ্জস্য রক্ষা করে দেহকে পরিচালিত করে তাকে স্নায়ুতন্ত্র বলে।

**Exclusive One**

যে সব স্নায়ু সুষুম্নাকান্ড থেকে সৃষ্ট, মিশ্র প্রকৃতির এবং সুষুম্নাকান্ডের মাধ্যমে প্রতিবর্তী ক্রিয়া সৃষ্টি করে তাদের সুষুম্নাস্নায়ু বা স্পাইনাল নার্ভ বলে। সুষুম্নাস্নায়ুর প্রকারভেদ:

- গ্রীবাদেশীয়: ৮ জোড়া
- বন্ধদেশীয়: ১২ জোড়া
- কটিদেশীয়: ৫ জোড়া
- শ্রোণীদেশীয়: ৫ জোড়া
- পুচ্ছদেশীয়: ১ জোড়া



> স্নায়ুতন্ত্রের কাজ:

- প্রাণিদেহের বিভিন্ন অঙ্গ ও তন্ত্রের মধ্যে যোগাযোগ রক্ষা করা এবং তাদের কাজের মধ্যে সমন্বয় সাধন করা।
- দেহের বাহ্যিক ও অভ্যন্তরীণ উদ্দীপনা গ্রহণ করা।
- উদ্দীপকে সাড়া দিয়ে নিজ নিজ পরিবেশের সাথে সম্পর্ক রক্ষা করা।
- দেহস্থ বিভিন্ন পেশি সংকোচন এবং বিভিন্ন গ্রন্থির ক্ষরণে সহায়তা করা।
- মানসিক বৃত্তি, মায়ামমতা, ভালোবাসা, জ্ঞান, বুদ্ধি, চিন্তা-চেতনা ইত্যাদি নিয়ন্ত্রণ করে।



(Ref: আজমল স্যার, আলীম স্যার, মাজেদা ম্যাডাম, কাইয়ুম স্যার)

ITEM 02 করোটিক স্নায়ু

স্নায়ুর নাম	উৎস	শাখা (যদি থাকে)	বিস্তার	প্রকৃতি	কাজ
অলফ্যাক্টরি	অগ্রমস্তিষ্কের অক্ষীয়দেশ	-	নাসিকার মিউকাস ঝিল্লি	সংবেদী	স্রাণ অনুভূতি মস্তিষ্কে পৌঁছানো
অপটিক	অগ্রমস্তিষ্কের অক্ষীয়দেশ	-	রেটিনা	সংবেদী	দর্শন অনুভূতি মস্তিষ্কে পৌঁছানো
অকুলোমোটর	মধ্যমস্তিষ্কের অক্ষীয়দেশ	-	অক্ষিগোলকের পেশী উর্ধ্ব নেত্রপল্লব উত্তোলনকারী পেশী ও পিউপিল সংকোচনকারী পেশী	চেস্তীয়	অক্ষিগোলকের সঞ্চালন
ট্রকলিয়ার (প্যাথেটিক)	মধ্যমস্তিষ্কের পৃষ্ঠ-পার্শ্বদেশ	-	চোখের সুপিরিয়র অবলিক পেশী	চেস্তীয়	অক্ষিগোলকের সঞ্চালন
ট্রাইজেমিনাল (এটি সবচেয়ে বিস্তৃত স্নায়ু, গোড়ার দিকে গ্যাসেরিয়ান গ্যাংলিওন থাকে)	পনসের পার্শ্বদেশ	অপথ্যালমিক	অক্ষিপল্লব, নাসিকার মিউকাস	সংবেদী	সংশ্লিষ্ট অঙ্গ থেকে সংবেদ মস্তিষ্কে প্রেরণ
		ম্যাক্সিলারি	অক্ষিপল্লব, উর্ধ্ব ও নিম্নচোয়াল		সংশ্লিষ্ট অঙ্গ থেকে সংবেদ মস্তিষ্কে প্রেরণ
		ম্যান্ডিবুলার	মুখবিবরের অক্ষীয় দেশের পেশী	মিশ্র	সংশ্লিষ্ট অঙ্গ সঞ্চালন এবং তাপ, চাপ ও স্পর্শ সংবেদ বহন
অ্যাবডুসেস	পনস ও মেডুলার সংযোগস্থলের পার্শ্বদেশ	-	বহিঃরেট্টাস নামের চক্ষুপেশী	চেস্তীয়	অক্ষিগোলকের সঞ্চালন
ফ্যাসিয়াল	পনস ও মেডুলার সংযোগস্থলের পার্শ্বদেশ	প্যালাটাইন	মুখবিবরের ছাদ	সংবেদী	স্বাদ গ্রহণ
		হায়োম্যান্ডিবুলার	মুখবিবর ও নিম্ন চোয়াল	মিশ্র	চর্চন, গ্রীবা সঞ্চালন
অডিটরি (অ্যাকাউস্টিক)	পনস ও মেডুলার সংযোগস্থলের পার্শ্বদেশ	-	অন্তঃকর্ণ	সংবেদী	শ্রবণ ও ভারসাম্য রক্ষা
গ্লসোফ্যারিঞ্জিয়াল	মেডুলার পার্শ্বদেশ	-	জিহ্বা ও গলবিলের মিউকাস পর্দা	মিশ্র	স্বাদগ্রহণ ও জিহ্বার সঞ্চালন
ভেগাস (নিউমোগ্যাস্ট্রিক) <ul style="list-style-type: none"> • সবচেয়ে লম্বা বা দীর্ঘ স্নায়ু • অপর নাম ক্ষুধার্ত স্নায়ু 	মেডুলা অবলঙ্গাটার পার্শ্বদেশ	ল্যারিঞ্জিয়াল	স্বরযন্ত্র	মিশ্র	স্বরযন্ত্রের কার্যকারিতা নিয়ন্ত্রণ।
		কার্ডিয়াক	হৃৎপিণ্ড		হৃৎপিণ্ডের কার্যকারিতা নিয়ন্ত্রণ।
		গ্যাস্ট্রিক	পাকস্থলী		পাকস্থলির কার্যকারিতা নিয়ন্ত্রণ।
		পালমোনারী	ফুসফুস		ফুসফুসের কার্যকারিতা নিয়ন্ত্রণ।
স্পাইনাল অ্যাক্সেসরি	মেডুলা অবলঙ্গাটার পার্শ্বদেশ	-	গলবিল, স্বরযন্ত্র, গ্রীবা ও কাঁধ	চেস্তীয়	মাথা ও কাঁধের সঞ্চালন।
হাইপোগ্লোসাল	মেডুলা অবলঙ্গাটার অক্ষীয়দেশ	-	জিহ্বা	চেস্তীয়	জিহ্বার বিচলন।

TRICKS & TIPS | TnT

> উৎস: I, II → অগ্রমস্তিষ্ক, III, IV → মধ্য মস্তিষ্ক, বাকিগুলো → মেডুলা অবলঙ্গাটা

ছন্দ (কাজ)	আ	জ	মা-কাঁ
কাজ	অক্ষিগোলকের সঞ্চালন (III, IV, VI)	জিহ্বার সঞ্চালন (IX)	মাথা ও কাঁধের সঞ্চালন (XI)
স্নায়ুর নাম	অ্যাবডুসেস, অকুলোমোটর, ট্রকলিয়া স্নায়ু	গ্লসোফ্যারিঞ্জিয়াল স্নায়ু	স্পাইনাল অ্যাক্সেসরি স্নায়ু

➤ মনে রাখার সুবিধার্থে:

ছন্দ (প্রকৃতি)	শব্দের প্রথমে 'অ' অক্ষর থাকলে স্নায়ুটি সংবেদী	শব্দের শেষে 'ল' থাকলে স্নায়ুটি মিশ্র	বাকী স্নায়ুগুলো হচ্ছে মোটর বা চেস্তীয়
সূত্রের ব্যতিক্রম	অকুলোমোটর স্নায়ুটির প্রথমে 'অ' থাকলেও স্নায়ুটি সংবেদী না হয়ে চেস্তীয়/মোটর হয়েছে কারণ অকুলোমোটর শব্দটিতেই মোটর কথাটি আছে	হাইপোগ্লোসাল (এই স্নায়ুটি চেস্তীয়)	ভেগাস (এই স্নায়ুটি মিশ্র)
স্নায়ুর নাম	অলফ্যাক্টরি, অপটিক, অডিটরি	ট্রাইজেমিনাল, ফেসিয়াল, গ্লসোফ্যারিজিয়াল	অকুলোমোটর, ট্রিকলিয়ার, অ্যাবডুসেস, স্পাইনাল অ্যাক্সেসরি, হাইপোগ্লোসাল

(Ref: আজমল স্যার, আলীম স্যার, মাজেদা ম্যাডাম, কাইয়ুম স্যার)

SAQ
Short Ans Question

WRITTEN SUGGESTION

BAQ
Broad Ans Question

- ◆ মানুষের করোটিক স্নায়ুসমূহের (Cranial nerves) নাম ও প্রধান কাজ লিখ।

[JnU. 18-19, Shift-2]

উত্তর: [উপরের অংশের আলোচনা থেকে দেখে নাও]

- ◆ ভেগাস স্নায়ুর শাখাগুলোর নাম লিখ?

উত্তর: ভেগাস স্নায়ুর শাখাগুলোর নাম হলো : ল্যারিজিয়াল, কার্ডিয়াক, গ্যাস্ট্রিক, পালমোনারি।

- ◆ করোটিক স্নায়ু কী?

[ষ. বো. ২০১৭]

উত্তর: মস্তিষ্কের বিভিন্ন অংশ থেকে জোড়ায় জোড়ায় সৃষ্ট যে সকল প্রান্তীয় স্নায়ুসমূহ করোটিক বিভিন্ন ছিদ্রপথে বের হয়ে দেহের বিভিন্ন অঙ্গে বিস্তার লাভ করে তাদের করোটিক স্নায়ু বলে।



REAL TEST



ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS



STEP 01 ANALYSIS OF DU QUESTION

01. কোন করোটিক স্নায়ু জিহ্বা নাড়াতে সাহায্য করে? [DU. 17-18]

A. ম্যাক্সিলারী B. ম্যান্ডিবুলার C. ভেগাস D. হাইপোগ্লোসাল

[Ans D Why] হাইপোগ্লোসাল স্নায়ু মেডুলা অবলংগাটার অক্ষীয়দেশ থেকে সৃষ্টি হয়ে জিহ্বা ও গ্রীবার পেশিতে স্নায়ু প্রদান করে। জিহ্বার সঞ্চালন নিয়ন্ত্রণ করে।

02. মানব দেহে করোটিক স্নায়ুর সংখ্যা-

[DU. 15-16; JnU. 07-08; IU. 04-05; RU. 11-12, 12-13; MBSTU. 12-13]

A. ১০ জোড়া B. ১১ জোড়া C. ১২ জোড়া D. ৩১ জোড়া [Ans C]

03. নিম্নের কোনটি দশম করোটিক স্নায়ু?

[DU.13-14; DAT: 08-09]

A. গ্লসোফ্যারিজিয়াল B. হাইপোগ্লোসাল C. ট্রাইজেমিনাল D. ভেগাস

[Ans D Why] করোটিক স্নায়ুসমূহের ক্রম:

ক্রমিক নং	স্নায়ুর নাম	ক্রমিক নং	স্নায়ুর নাম
i	অলফ্যাক্টরি	vii	ফ্যাসিয়াল
ii	অপটিক	viii	অডিটরি
iii	অকুলোমোটর	ix	গ্লসোফ্যারিজিয়াল
iv	ট্রিকলিয়ার	x	ভেগাস
v	ট্রাইজেমিনাল	xi	অ্যাক্সেসরি
vi	অ্যাবডুসেস	xii	হাইপোগ্লোসাল

04. সপ্তম করোটিক স্নায়ু কোনটি?

[DU. 12-13; MAT. 88-89, 91-92]

A. ভেগাস B. ট্রাইজেমিনাল C. অপটিক D. ফ্যাসিয়াল [Ans D]

05. মানবদেহের পঞ্চম করোটিক স্নায়ুর নাম?

[DU. 11-12]

A. Trigeminal B. Vagus
C. Abducens D. Hypoglossal [Ans A]

06. অষ্টম করোটিক স্নায়ুকে বলে-

[DU. 10-11, 07-08; BAU.06-07; MBSTU.12-13]

A. Vagus B. Auditory C. Facial D. Olfactory [Ans B]

07. মানুষের ১২তম করোটিক স্নায়ুর নাম-

[DU. 08-09; PSTU. 13-14]

A. Auditory B. Glossopharyngeal
C. Hypoglossal D. Vagus [Ans C]

08. কোন করোটিক স্নায়ু হৃদপিণ্ডে শাখা বিস্তার করে?

[DU. 07-08; JU:D, 12-13]

A. Trochlear B. Vagus C. Glossopharyngeal D. Abducens
[Ans B Why] Vagus স্নায়ুর চারটি শাখা যথা- ল্যারিজিয়াল, কার্ডিয়াক, গ্যাস্ট্রিক, পালমোনারী স্নায়ু। কার্ডিয়াক স্নায়ু হৃৎপিণ্ডে বিস্তার করে এবং সংশ্লিষ্ট অঙ্গের কার্যকলাপ নিয়ন্ত্রণ করে।

09. মানবদেহে স্পাইনাল অ্যাক্সেসরি স্নায়ুর কাজ কি?

[DU. 04-05]

A. জিহ্বার সঞ্চালন B. পাকস্থলীর সঞ্চালন
C. মুখবিবর সঞ্চালন D. মাথা ও কাঁধের সঞ্চালন

[Ans D Why] স্পাইনাল অ্যাক্সেসরি মেডুলা অবলংগাটার পার্শ্বদেশ থেকে সৃষ্টি হয়ে গলবিল, স্বরযন্ত্র এবং গ্রীবার পেশিতে স্নায়ু সরবরাহ করে। মাথা ও কাঁধের সঞ্চালন করে।

10. নিম্নের কোন করোটিক স্নায়ু সংবেদী?

[DU. 02-03]

A. অলফ্যাক্টরি B. অকুলোমোটর C. ভেগাস D. ফ্যাসিয়াল

[Ans A Why] করোটিক সংবেদী স্নায়ু হচ্ছে: অলফ্যাক্টরি, অপটিক, অডিটরি।

11. মানুষের অ্যাবডুসেস স্নায়ুর উৎস কোথায়?

[DU. 00-01]

A. মেডুলার পার্শ্বদেশ B. অলফ্যাক্টরি লোব
C. মধ্য-মস্তিষ্কের পৃষ্ঠদেশ D. মেডুলার অক্ষীয়দেশ

[Ans D Why] অ্যাবডুসেস স্নায়ু মেডুলা অবলংগাটার অক্ষীয়দেশ থেকে সৃষ্টি হয়ে অক্ষিগোলকের বহিঃকোটাস পেশিতে বিস্তৃত হয়।

STEP 02 ANALYSIS OF JU QUESTION

01. কোন স্নায়ু অক্ষিগোলকের সঞ্চালন নিয়ন্ত্রণ করে না?

[JU-D, Set-G. 20-21]

A. ট্রিকলিয়ার B. অ্যাবডুসেস C. অকুলোমোটর D. অপটিক

[Ans D Why] করোটিক স্নায়ুর কাজ:

স্নায়ুর নাম	কাজ
অলফ্যাক্টরি	স্রাণ অনুভূতি মস্তিষ্কে পৌঁছানো
অপটিক	দর্শন অনুভূতি মস্তিষ্কে পৌঁছানো
অকুলোমোটর	অক্ষিগোলকের সঞ্চালন
ট্রিকলিয়ার (প্যাথোটিক স্নায়ু)	অক্ষিগোলকের সঞ্চালন
ট্রাইজেমিনাল	সংশ্লিষ্ট অঙ্গ থেকে সংবেদ মস্তিষ্কে প্রেরণ
অ্যাবডুসেস	অক্ষিগোলকের সঞ্চালন
ফ্যাসিয়াল	স্বাদ গ্রহণ, চর্বন, গ্রীবা সঞ্চালন
অডিটরি (অ্যাকাউস্টিক)	শ্রবণ ও ভারসাম্য রক্ষা
গ্লসোফ্যারিজিয়াল	স্বাদগ্রহণ ও জিহ্বার সঞ্চালন
ভেগাস (নিউমোগ্যাস্ট্রিক)	সংশ্লিষ্ট অঙ্গের কার্যকারিতা নিয়ন্ত্রণ
স্পাইনাল অ্যাক্সেসরি	মাথা ও কাঁধের সঞ্চালন
হাইপোগ্লোসাল	জিহ্বার বিচলন

02. গ্লসোফেরিজিয়াল স্নায়ু কোথা থেকে সৃষ্টি হয়? [JU-D, Set-F, 20-21]
 A. অগ্রমস্তিষ্কের অক্ষীয়দেশ B. মধ্যমস্তিষ্কের অক্ষীয়দেশ
 C. পনসের পার্শ্বদেশ D. মেডুলার পার্শ্বদেশ [Ans D]
03. কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের রক্তনালিকাগুলো কোথায় বিস্তৃত থাকে? [JU-D, Set-D, 20-21]
 A. ডুরা ম্যাটারে B. অ্যারাকনয়েড ম্যাটারে
 C. সাবডুরাল স্পেসে D. পায়াম্যাটারে

[Ans B Why] অ্যারাকনয়েড ম্যাটার: এটি মেনিনজেসের মধ্যবর্তী বিল্লি অর্থাৎ ডুরা ম্যাটার ও পায়াম্যাটার এর মধ্যবর্তী বিল্লি। এটি প্রকৃতপক্ষে সাব-অ্যারাকনয়েড স্পেস নামে একটি ফাঁকা স্থান, যোজক কলার সূত্র, রক্তবাহিকা ও সেরিব্রোস্পাইনাল ফ্লুইড নিয়ে গঠিত। কোনো কোনো স্থানে সাব-অ্যারাকনয়েড স্পেস বেশি প্রসারিত।

04. কোন স্নায়ু অক্ষিগোলকের সঞ্চালন নিয়ন্ত্রণ করে? [JU: Unit-D; Set-A/B, 19-20]
 A. অপটিক B. প্যালাটাইন C. অকুলোমোটর D. ম্যান্ডিবুলার

[Ans C Why] বিভিন্ন স্নায়ুর কাজ:

করোটিক স্নায়ু	কাজ
অপটিক	দর্শন অনুভূতি মস্তিষ্কে পৌঁছানো
প্যালাটাইন	স্বাদ গ্রহণ করা
ম্যান্ডিবুলার	সংশ্লিষ্ট অঙ্গ সঞ্চালন এবং তাপ, চাপ ও স্পর্শ সংবেদ বহন

অক্ষিগোলকের সঞ্চালন:

৩ ৪ ৬

অকুলোমোটর ট্রিকলিয়ার অ্যাবডুসেস

05. জিহ্বার বিচলন নিয়ন্ত্রণকারী স্নায়ু কোনটি? [JU: Unit-D; Set-Q, 19-20]
 A. হাইপোগ্লোসাল B. অলফ্যাক্টরি C. অকুলোমোটর D. নিউমোগ্যাস্ট্রিক

[Ans A Why] মানুষের করোটিক স্নায়ুসমূহের নাম ও কাজ:

স্নায়ুর নাম	কাজ
অলফ্যাক্টরি	স্রাণ অনুভূতি মস্তিষ্কে পৌঁছায়
অকুলোমোটর	অক্ষিগোলকের সঞ্চালন
নিউমোগ্যাস্ট্রিক বা ভেগাস	স্বরযন্ত্র, হৃদপিণ্ড, পাকস্থলি ও ফুসফুসের কার্যকারিতা নিয়ন্ত্রণ করে।

06. কোনটি সংবেদী বা অনুভূতিবাহী স্নায়ু? [JU: Unit-D; Set-A, B, 18-19]
 A. ট্রিকলিয়ার B. অকুলোমোটর
 C. দুটোই D. কোনটিই নয় [Ans D]

07. কোনটি সংবেদী স্নায়ু? [JU: Unit-D; Set-D, 18-19]
 A. ভেস্টিবুলোককলিয়ার বা অডিটরি B. ট্রিকলিয়ার
 C. অকুলোমোটর D. এক্সেসরি [Ans A]

08. কোনটি চেঙ্গীয় স্নায়ু? [JU: Unit-D; Set-H, 18-19]
 A. হাইপোগ্লোসাল B. অডিটরি C. অলফ্যাক্টরি D. অপটিক [Ans A]

09. কোনটি চেঙ্গীয় স্নায়ু? [JU: Unit-D; Set-I, 18-19]
 A. অ্যাক্সেসরি B. ভেস্টিবুলোককলিয়ার বা অডিটরি
 C. অলফ্যাক্টরি D. অপটিক [Ans A]

10. গ্লসোফ্যারিজিয়াল কোন ধরনের স্নায়ু? [JU: D; Set: 03, 17-18]
 A. সংবেদী B. চেঙ্গীয় C. আজ্ঞাবাহী D. মিশ্র [Ans D]

11. পিত্ত ও অগ্ন্যাশয় রস ক্ষরণে কোন স্নায়ু কাজ করে? [RU: G1, 17-18]
 A. গ্লসোফ্যারিজিয়াল B. ভ্যাগাস স্নায়ু
 C. ফেসিয়াল স্নায়ু D. অ্যাবডুসেন্ট স্নায়ু [Ans B]

12. অক্ষিগোলকের সঞ্চালন নিয়ন্ত্রণ ভূমিকা নেই কোন স্নায়ুর? [JU: D, 15-16]
 A. ট্রাইজিমিনাল B. অপটিক C. ট্রিকলিয়ার D. অ্যাবডুসেস [Ans AB]

13. সেলারী স্নায়ু নয় কোনটি? [JU: D, 15-16]
 A. ম্যান্ডিবুলার B. হায়োম্যান্ডিবুলার
 C. অডিটরি D. প্যালাটাইন [Ans B]

14. মানবদেহের পাকস্থলীতে কোন স্নায়ু বিস্তার লাভ করে? [JU: D, 14-15]
 A. অকুলোমোটর B. অ্যাবডুসেস
 C. ভেগাস D. হাইপোগ্লোসাল [Ans C]

15. মানবদেহে ভেগাস করোটিক স্নায়ুর প্রকৃতি কেমন? [JU: D, 11-12; CU: 17-18, 12-13]
 A. মিশ্র B. সংবেদী C. চেঙ্গীয় D. সংবেদী মিশ্র [Ans A]
16. গ্লসোফ্যারিজিয়াল করোটিক স্নায়ুর বিস্তার কোথায়? [JU: D, 11-12]
 A. জিহ্বা B. পাকস্থলী
 C. চোখের সুপিরিয়র অবলিক পেশী D. স্বরযন্ত্র [Ans A]

STEP 03 ANALYSIS OF RU QUESTION

01. কোন স্নায়ু দ্বারা মস্তিষ্কে স্রাণ অনুভূতি পৌঁছায়? [RU: 16-17, CU: 09-10]
 A. অলফ্যাক্টরি B. অপটিক C. অকুলোমোটর D. অডিটরি [Ans A]
02. স্পাইনাল কর্ড এ কত জোড়া স্পাইনাল নার্ভ থাকে? [RU: 14-15]
 A. ৩০ জোড়া B. ৩১ জোড়া C. ৩২ জোড়া D. ৩৩ জোড়া [Ans B]
03. মানুষের সুশ্রুস্নায়ু কত জোড়া? [RU: 12-13, 11-12]
 A. ১ জোড়া B. ৩১ জোড়া C. ৮ জোড়া D. ১০ জোড়া [Ans B]
04. প্যারাসিমপ্যাথেটিক স্নায়ুতন্ত্র নিচের কোন কাজটি সম্পন্ন করে? [RU: 11-12]
 A. হৃদপিণ্ডের গতি কমায়ে B. রক্তচাপ কমায়ে
 C. যৌন গ্রন্থির ক্রিয়া D. সবগুলোই [Ans D]
05. দেহের ভারসাম্য রক্ষায় সাহায্য করে নিচের কোন করোটিক স্নায়ু? [RU: G, 10-11]
 A. গ্লসোফ্যারিজিয়াল B. ফ্যাসিয়াল
 C. ভেগাস D. ভেস্টিবুলো ককলিয়ার [Ans D]
06. মেডুলা অবলংগাটা থেকে কয় জোড়া স্নায়ু উৎপন্ন হয়েছে? [RU: 08-09]
 A. ৫ জোড়া B. ৬ জোড়া C. ৭ জোড়া D. ৮ জোড়া [Ans D]
07. সুশ্রুস্নায়ু কোন স্নায়ুতন্ত্রের অন্তর্ভুক্ত? [RU: 08-09]
 A. কেন্দ্রীয় B. ঐচ্ছিক C. প্রান্তীয় D. কোনটিই নয় [Ans A]

STEP 04 ANALYSIS OF CU QUESTION

01. পাকস্থলীতে কোন করোটিক স্নায়ুর কার্যক্রম বিদ্যমান? [CU-A, Shift-2, 20-21]
 A. অপটিক B. অডিটরি C. ভেগাস D. অকুলোমোটর
 [Ans C Why] ভেগাস স্নায়ু সম্পর্কিত তথ্য:

স্নায়ু	শাখা	অবস্থান
ভেগাস (নিউমোগ্যাস্ট্রিক)	ল্যারিজিয়াল	স্বরযন্ত্র
	কার্ডিয়াক	হৃৎপিণ্ড
	গ্যাস্ট্রিক	পাকস্থলী
	পালমোনারী	ফুসফুস

02. কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের অংশ নয়— [CU: 15-16]
 A. সেরিব্রাম B. সেরিবেলাম
 C. স্নায়ু রজ্জু D. করোটিক স্নায়ু E. অপটিক লোব [Ans D]

03. মানুষের ১১ নম্বর করোটিকা স্নায়ুর নাম? [CU: 01-02]
 A. স্পাইনাল অ্যাক্সেসরি B. গ্লসোফ্যারিজিয়াল
 C. ভেগাস D. ট্রিকলিয়ার [Ans A]

STEP 06 ANALYSIS OF GST QUESTION

PART A Analysis of General University Question

CoU

01. নিচের কোন করোটিক স্নায়ুর কার্যকারিতায় মুখের অভিব্যক্তি প্রকাশিত হয়? [CoU: A, 19-20]
 A. প্যালাটাইন B. হায়োম্যান্ডিবুলার C. ম্যান্ডিবুলার D. ম্যান্ডিবুলারি
 [Ans B Why] হায়োম্যান্ডিবুলার এক ধরনের মিশ্র স্নায়ু যা মৌখিক অভিব্যক্তি, চর্চণ ও গ্রীবা সঞ্চালন নিয়ন্ত্রণ করে।

BU

01. কার্যভেদে করোটিক স্নায়ু— [BU: 17-18]
 A. ২ প্রকার B. ৩ প্রকার
 C. ৪ প্রকার D. ৫ প্রকার [Ans B]

PART (B) Analysis of Science & Technology Question**SUST**

01. মধ্য-মস্তিস্কের পৃষ্ঠদেশ কোন শায়ুর উৎসস্থল? [SUST. 11-12]
 A. অলফ্যাক্টরি B. অপটিক
 C. অকুলোমোটর D. ট্রিকলিয়ার [Ans D]

JUST

01. শ্রবণ ও ভারসাম্য রক্ষা করে কোন করোটিক শায়ুর? [JUST: Unit-C; 19-20]
 A. অডিটরি B. ভেগাস C. হাইপোগ্লোসাল D. ট্রিকলিয়ার

[Ans A Why] মানুষের করোটিক শায়ুসমূহের নাম ও কাজ:

শায়ুর নাম	কাজ
অডিটরি	শ্রবণ ও ভারসাম্য রক্ষা
ভেগাস	স্বরযন্ত্রের, হৃৎপিণ্ডের, পাকস্থলির, ফুসফুসের কার্যকারিতা নিয়ন্ত্রণ করে।
হাইপোগ্লোসাল	জিহ্বার বিচলন।
ট্রিকলিয়ার	অক্ষিগোলকের সঞ্চালন।

BSMRSTU

01. কোন শায়ুর খাবারের স্বাদ গ্রহণের জন্য কাজ করে? [BSMRSTU. 17-18]
 A. ট্রিকলিয়ার B. অ্যাবডুসেস
 C. ভেগাস D. ফেসিয়াল [Ans D]

NSTU

01. নিচের কোন শায়ুর উৎপত্তিস্থল মেডুলা অবলংগাটা নয়? [NSTU. 13-14]
 A. ট্রাইজেমিনাল B. ট্রিকলিয়ার C. ফেসিয়াল D. অডিটরি

[Ans B Why] করোটিক শায়ুসমূহের উৎপত্তিস্থল:

- অগ্র মস্তিস্কের অক্ষীয়দেশ: অলফ্যাক্টরি, অপটিক, অকুলোমোটর শায়ু।
- মধ্য মস্তিস্কের পৃষ্ঠদেশ: ট্রিকলিয়ার শায়ু।
- মেডুলা অবলংগাটা পার্শ্বদেশ: ট্রাইজেমিনাল, ফেসিয়াল, অডিটরি, ভেগাস, স্পাইনাল অ্যাকসেসরি শায়ু।
- মেডুলা অবলংগাটার অঙ্কদেশ: অ্যাবডুসেস ও হাইপোগ্লোসাল শায়ু।

STEP 07 ANALYSIS OF MEDICAL & DENTAL QUESTION**MAT**

01. প্যারাসিমপ্যাথেটিক শায়ু নিচের কোন করোটিক শায়ুতে পাওয়া যায়- [MAT. 19-20]
 A. অকুলোমোটর B. অপটিক C. ট্রিকলিয়ার D. অলফ্যাক্টরি

[Ans A Why] যে সকল করোটিক শায়ু সহানুভূতিশীল শায়ুর ত্রিয়াকে ভারসাম্য করে তাদেরকে প্যারাসিমপ্যাথেটিক শায়ু বলে। প্যারাসিমপ্যাথেটিক করোটিক শায়ুগুলো হল: অকুলোমোটর, ফেসিয়াল, ভেগাস ও ট্রাইজেমিনাল।

02. করোটিক শায়ুর কাজ সম্পর্কিত নিচের কোন তথ্যটি সঠিক নয়? [MAT. 18-19]
 A. ট্রিকলিয়ার-অক্ষিগোলকের সঞ্চালন B. ফ্যাসিয়াল-মুখের অভিব্যক্তি
 C. গ্লসোফ্যারিঞ্জিয়াল-গলবিলের সঞ্চালন D. হাইপোগ্লোসাল-স্বাদ গ্রহণ [Ans D]

03. পূর্ণ সংবেদী শায়ু নয় কোনটি? [MAT.17-18]
 A. অলফ্যাক্টরি শায়ু B. ফ্যাসিয়াল শায়ু
 C. অডিটরি শায়ু D. অপটিক শায়ু [Ans B]

04. মানুষের নবম জোড়া করোটিক শায়ুর নাম কি? [MAT. 15-16; DU-7Clg. 19-20]
 A. হাইপোগ্লোসাল B. স্পাইনাল অ্যাক্সেসরি
 C. অ্যাবডুসেস D. গ্লসোফ্যারিঞ্জিয়াল [Ans D]

05. মোটর প্রকৃতির শায়ু কোনটি? [MAT. 14-15]
 A. হাইপোগ্লোসাল B. ফ্যাসিয়াল
 C. ভেগাস D. অপথ্যালমিক [Ans A]

06. নিম্নের কোন করোটিক শায়ু চোয়ালের সঞ্চালনে সাহায্য করে? [MAT .07-08; DAT .07-08]

- A. ট্রাইজেমিনাল B. ফ্যাসিয়াল
 C. হাইপোগ্লোসাল D. গ্লসোফ্যারিঞ্জিয়াল [Ans B]

07. কোন তথ্যটি ফ্যাসিয়াল শায়ুর জন্য সঠিক নয়? [MAT. 05-06]
 A. বিস্তার: মুখমন্ডল, কর্ণপটহ ও নিম্ন চোয়াল
 B. কাজ: লালাক্ষরণ ও অশ্রুক্ষরণে সহায়তা করে
 C. প্রকৃতি: চেষ্টিয়
 D. উৎস: মেডুলা অবলংগাটা [Ans C]

08. গ্যাসারিয়ান শায়ুদ্বি দেখা যায়- [MAT. 96-97]
 A. অপটিক শায়ুতে B. ফেসিয়াল শায়ুতে
 C. অডিটরি শায়ুতে D. ট্রাইজেমিনাল শায়ুতে [Ans D]

09. কোনটি ক্ষুধার্ত শায়ু? [MAT. 91-92; JUST.12-13]
 A. অলফ্যাক্টরি B. অপটিক C. ফ্যাসিয়াল D. ভেগাস [Ans D]

DAT

01. নিচের কোনটি মিশ্র করোটিক শায়ু নয়? [DAT.2020-21]
 A. গ্লসোফ্যারিঞ্জিয়াল B. ফেসিয়াল C. ট্রাইজেমিনাল D. হাইপোগ্লোসাল

[Ans D Why] মিশ্র করোটিক শায়ু:

- i. ট্রাইজেমিনাল ii. ফেসিয়াল iii. গ্লসোফ্যারিঞ্জিয়াল iv. ভেগাস

02. জিহ্বা থেকে স্বাদের অনুভূতি গ্রহণ করে কোন শায়ু? [DAT. 18-19; RU. 12-13; KU.09-10, 16-17]
 A. অপটিক শায়ু B. ট্রাইজেমিনাল শায়ু
 C. অকুলোমোটর শায়ু D. গ্লসোফ্যারিঞ্জিয়াল শায়ু [Ans D]

03. নিম্নের কোনটি সেরেব্রোস্পাইনাল ফ্লুইডের কাজ নয়? [DAT. 07-08]
 A. শরীরের ব্লাডপ্রেসার নিয়ন্ত্রণ করা
 B. কেন্দ্রীয় শায়ুতন্ত্রের নিউরনের পুষ্টি পদার্থ সরবরাহ করা
 C. সংক্রমণ থেকে রক্ষা করা
 D. শ্বসনিক গ্যাসের বিনিময় ঘটানো [Ans A]

04. যে সব শায়ু কেন্দ্রীয় শায়ুতন্ত্র থেকে নির্দেশ বহন করে বিভিন্ন অঙ্গে নিয়ে যায় তাদের কি ধরনের শায়ু বলে? [DAT. 96-97]
 A. সংবেদী B. মোটর C. মিশ্র D. সুসূক্ষ্ম [Ans B]

AFMC

01. সপ্তম করোটিক শায়ু কোনটি? [AFMC. 2020-21]
 A. অলফ্যাক্টরি B. অপটিক C. ফেসিয়াল D. অডিটরি

[Ans C Why] ৭ম করোটিক শায়ুর নাম- ফেসিয়াল শায়ু। যার ২টি শাখা থাকে ১টি প্যালেটাইন অপরটি হায়োম্যাডিবুলারি। এ শায়ুর কাজ স্বাদ গ্রহণ, চর্চণ ও গ্রীবা সঞ্চালন।

STEP 08 ANALYSIS OF HSC BOARD QUESTION**Dhaka Board**

01. নিচের কোন করোটিক শায়ু মাথা ও কাধের সঞ্চালনে ভূমিকা পালন করে? [ঢা. বো. ২০১৭]
 A. অকুলোমোটর B. ট্রাইজেমিনাল
 C. স্পাইনাল অ্যাক্সেসরি D. হাইপোগ্লোসাল [Ans C]

Rajshahi Board

01. স্বাদ গ্রহণের সাথে সম্পর্কিত শায়ু কোনটি? [রা. বো. ২০১৭]
 A. ফেসিয়াল B. ট্রিকলিয়ার C. অলফ্যাক্টরি D. অপটিক [Ans A]
02. V নং করোটিক শায়ুর নাম কি? [রা. বো. ২০১৯]
 A. ট্রিকলিয়ার B. অ্যাবডুসেস
 C. অডিটরি D. ট্রাইজেমিনাল [Ans D]

Dinajpur Board

01. শ্রবণ ও ভারসাম্য রক্ষায় ভূমিকা রাখে কোন শায়ু? [দি. বো. ২০১৭]
 A. অপটিক B. অকুলোমোটর C. অডিটরি D. ভেগাস [Ans C]

Cumilla Board

01. কোন করোটিক শায়ু জিহ্বার সঞ্চালন ঘটায়? [য. বো. ২০১৭]
 A. অ্যাবডুসেস B. ফ্যাসিয়াল
 C. ভেগাস D. হাইপোগ্লোসাল [Ans D]

CONCEPT


03

মস্তিষ্ক

ITEM 01

মস্তিষ্কের গঠন

- **মেনিনজেস:** সমগ্র মস্তিষ্ক ও সুষুম্নাকাণ্ড একটি দৃঢ় ও মজবুত আবরণে আবৃত থাকে। একে মেনিনজেস বলে। মেনিনজেস ৩টি তন্তুময় ঝিল্লি নিয়ে গঠিত। যথা: বাইরের ডুরাম্যাটার, মধ্যবর্তী অ্যারাকনয়েড ম্যাটার এবং ভিতরের পায়াম্যাটার। মেনিনজেসের প্রদাহজনিত রোগকে মেনিনজাইটিস বলে। *Neisseria meningitidis* নামক ব্যাকটেরিয়া জীবাণু দ্বারা মেনিনজেস সবচেয়ে বেশি আক্রান্ত হয়। মেনিনজাইটিসের প্রধান লক্ষণ হলো মাথা ব্যথা ও জীবা শিথিল হয়ে যাওয়া। এছাড়া মনযোগে বিম্বতা, বমি, আলোক ও শব্দ সহনহীনতা ইত্যাদি উপসর্গ দেখা যায়।

**মেনিনজেসের কাজ:**

- কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রকে বিভিন্ন যান্ত্রিক আঘাত হতে রক্ষা করে।
- কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রে পুষ্টি পদার্থ সরবরাহ করে।
- সেরিব্রোস্পাইনাল ফ্লুইড স্রবণ করে।
- কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রকে জীবাণুর সংক্রমণ হতে রক্ষা করে।

- **সেরিব্রোস্পাইনাল ফ্লুইড:**


মস্তিষ্কের গহ্বর, সুষুম্নাকাণ্ডের কেন্দ্রীয় নালি, সাব-অ্যারাকনয়েড স্পেস ও সাব-অ্যারাকনয়েড সিস্টারনি যে তরল দ্বারা পূর্ণ থাকে তাকে সেরিব্রোস্পাইনাল ফ্লুইড বলে। মেনিনজেস CSF স্রবণে বিশেষ ভূমিকা রাখে। রাসায়নিকভাবে CSF-তে প্রোটিন 20-40mg/dL, গ্লুকোজ 45-80mg/dL এবং ক্লোরাইড 720-750mg/dL থাকে। একজন পরিণত মানুষের কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রে সর্বদা প্রায় 140-150 মিলিলিটার CSF থাকে এবং প্রতিদিন 500 mL খরচ হয়। pH 7.33 ও আপেক্ষিক গুরুত্ব 1.004-1.006

কাজ:

- কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের ভেতরে ও বাইরে থেকে উহাকে বিভিন্ন যান্ত্রিক আঘাত হতে হতে রক্ষা করে।
- মস্তিষ্ককে ভাসিয়ে রেখে এর ওজন 1500 গ্রাম থেকে 50 গ্রাম-এ হ্রাস করে।
- কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রে পুষ্টি সরবরাহ, গ্যাস বিনিময়, বর্জ্য নিষ্কাশন প্রভৃতি কার্যাবলি সম্পাদন করে।
- মস্তিষ্ক থেকে এপিনেফ্রিন ও কিছু ওষুধ অপসারণ করে।
- কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রকে জীবাণুর সংক্রমণ হতে রক্ষা করে।

- **মস্তিষ্ক বা ব্রেইন বা এনসেফালন:**

- মেনিনজেস দ্বারা আবৃত
- ব্রিটিশ শারীরতত্ত্ববিদ Sir Charles Sherrington মস্তিষ্ককে “Great ravelled knot” হিসেবে আখ্যায়িত করেন।
- গড় ওজন: পুরুষে → 1300 গ্রাম/ 1.36 কেজি, স্ত্রীলোকে → 1250 গ্রাম
- আয়তন: 1500 ঘন সেমি (পুরুষ), 1300 ঘন সেমি (মহিলা)



চিত্র: মস্তিষ্কের বিভিন্ন অংশ

(Ref: আজমল স্যার, আলীম স্যার, মাজেদা ম্যাডাম, কাইয়ুম স্যার)

ITEM 02

মস্তিষ্কের বিভিন্ন অংশ ও এদের কাজ

ক্রমিক মস্তিষ্ক	প্রাণ্ডবয়স্কের মস্তিষ্ক	কাজ ও গঠন
অগ্রমস্তিষ্ক (প্রোসেনসেফালন)	সেরেব্রাম	<p>কাজ: চিন্তা, বুদ্ধি, ইচ্ছাশক্তি, উদ্ভাবনী শক্তি প্রভৃতি মানসিক বোধের নিয়ন্ত্রণ ও সহজাত প্রবৃত্তি, বাকশক্তি এবং ঐচ্ছিক পেশীর কার্যকলাপ নিয়ন্ত্রণ করে।</p> <p>Mnemonic: ইচ্ছা ও বুদ্ধি থাকলে চিন্তা দিয়ে বাকশক্তি নিয়ন্ত্রণ করা যায়</p> <p>গঠন: <ul style="list-style-type: none"> • মস্তিষ্কের সবচেয়ে বড় অংশ, মোট মস্তিষ্কের ৮০% • বাইরে গ্রেম্যাটার ও ভেতরে হোয়াইট ম্যাটারে গঠিত • দুটি সেরেব্রাল হেমিস্ফিয়ার নামক খণ্ড কর্পাস ক্যালোসাম নামক স্নায়ুগুচ্ছ দ্বারা যুক্ত থাকে। • সেরেব্রাল হেমিস্ফিয়ার, সেরেব্রাল কর্টেক্স, বেসাল গ্যাংলিয়া ও কর্পাস স্ট্রাটাম নিয়ে গঠিত। • উঁচু জায়গাকে জাইরাস ও নিচু জায়গাকে সালকাস বা ফিসার বলে। • সেরেব্রাম অঞ্চল আঘাত প্রাপ্ত হলে মানুষ প্যারালাইজড হয়ে যায়। • ৫টি খণ্ড বা লোব বিদ্যমান- ফ্রন্টাল, প্যারাইটাল, টেম্পোরাল, অক্সিপিটাল, লিম্বিক। </p>
	থালামাস	<ul style="list-style-type: none"> • চাপ, স্পর্শ, যন্ত্রণা প্রভৃতি স্থূল অনুভূতির কেন্দ্র, আবেগের কেন্দ্র ও অভ্যন্তরীণ অঙ্গের নিয়ন্ত্রক কেন্দ্র হিসেবে কাজ করে। এছাড়া সংজ্ঞাবহ স্নায়ুর রিলে স্টেশন, মানুষের ব্যক্তিত্ব ও সামাজিক আচরণ এবং ঘুমন্ত মানুষকে হঠাৎ জাগিয়ে তোলা এবং পরিবেশ সম্পর্কে সতর্ক করে। <p>Mnemonic: ঈদের সময় ট্রেনে উঠলে যে ঘটনা ঘটে</p>
	হাইপোথ্যালামাস	<ul style="list-style-type: none"> • সেরেব্রাম এর প্রধান প্রবেশ পথ বা সিংহদ্বার বলে। • জীব তাত্ত্বিক ঘড়ি বা Biological Clock বলে। • স্বয়ংক্রিয় স্নায়ুকেন্ত্রের কেন্দ্র হিসেবে কাজ করে। দেহতাপ নিয়ন্ত্রণ করে। ক্ষুধা, তৃষ্ণা, ঘাম, ঘুম, রাগ, পীড়ন, ভালোলাগা, ঘৃণা, উদ্বেগ প্রভৃতির কেন্দ্র হিসেবে কাজ করে। রক্তচাপ নিয়ন্ত্রণ করে এবং অন্তঃক্ষরা গ্রন্থির স্রবণ নিয়ন্ত্রণ করে। ভ্যাসোপ্রেসিন ও অক্সিটোসিন নামে দু'রকম নিউরোহরমোন সরাসরি স্রবিত হয় এবং তা পশ্চাৎ পিটুইটারির মধ্যে জমা থাকে।

ক্রমিক মস্তিষ্ক	প্রাপ্তবয়স্কের মস্তিষ্ক	কাজ ও গঠন
মধ্যমস্তিষ্ক (মেসেনসেফালন)	মেসেনসেফালন	টেকটাম, সেরেব্রাল অ্যাকুইডাক্ট, কর্পোরা কোয়ালিজেমিনা, সেরেব্রাল পেডাকুল দ্বারা গঠিত। অগ্র ও পশ্চাত্তমস্তিষ্কের মধ্যে যোগসূত্র রচনা করে; বিভিন্ন দর্শন ও শ্রবণ তথ্যের সমন্বয় ঘটায় এবং প্রতিবেদন সৃষ্টি করে।
পশ্চাত্তমস্তিষ্ক (রমেনসেফালন)	সেরেবেলাম	<ul style="list-style-type: none"> ঐচ্ছিক চলাফেরা নিয়ন্ত্রণ করে। ঐচ্ছিক পেশির পেশিটান নিয়ন্ত্রণ করে। দেহের ভারসাম্য ও দেহভঙ্গি বজায় রাখে। চলাফেরার দিক নির্ধারণ করে। সেরেবেলামের গড় ওজন ১৫০ গ্রাম।
	পনস (সেতু মস্তিষ্ক)	<ul style="list-style-type: none"> সেরেবেলাম ও মেডুলাকে মস্তিষ্কের অন্যান্য অংশের সাথে যুক্ত (রিলে স্টেশন) করে; মস্তিষ্কের বিভিন্ন অংশে সংবেদ প্রবাহের প্রেরণ কেন্দ্র হিসেবে কাজ করে এবং স্বাভাবিক শ্বাসক্রিয়ার হার নিয়ন্ত্রণ করে। পনস এর মধ্য দিয়ে মস্তিষ্ক ও স্পাইনাল কর্ডের মধ্যে বিদ্যমান স্নায়ুতন্ত্রগুলো আড়াআড়িভাবে একে অপরকে অতিক্রম করে এ কারণে মস্তিষ্কের বাম অংশ দেহের ডান অংশের এবং ডান অংশ দেহের বাম অংশের কার্যাবলী নিয়ন্ত্রণ করে।
	মেডুলা অবলংগাটা	<ul style="list-style-type: none"> প্রতিবর্ত কেন্দ্রগুলো নিয়ন্ত্রণ করে; হৃৎপিণ্ডের স্পন্দন, শ্বসন, চর্বণ, খাদ্য গলাধকরণ পরিপাক রস ক্ষরণ, ঘাম নিঃসরণ ইত্যাদি ঘটায়। পৌষ্টিকনালির স্বয়ংক্রিয় নিয়ন্ত্রণ নিঃশ্বাস-প্রশ্বাস, রক্তনালির সংকোচন-প্রসারণ, লালা নিঃসরণ প্রকৃতি নিয়ন্ত্রণ করে। ৪টি (IX-XII) করোটিক স্নায়ু উৎপত্তি লাভ করে।

(Ref: আজমল স্যার, আলীম স্যার, মাজেদা ম্যাডাম, কাইয়ুম স্যার)

ITEM 03 মস্তিষ্কের গহ্বর সমূহ বা নিলয় সমূহ

গহ্বরের নাম	অবস্থান
পার্শ্বীয় বা ১ম ও ২য় গহ্বর	অলফ্যাক্টরি লোব বা সেরেব্রাল হেমিস্ফিয়ারের কেন্দ্রভাগ
তৃতীয় গহ্বর	থ্যালামাসের মধ্যবর্তী গহ্বর
চতুর্থ গহ্বর	পশ্চাৎ মস্তিষ্ক

Nice To know:
পার্শ্বীয় ভেন্ট্রিকল দুটি 'ফোরামেন অব মনরো' নামক নালিদ্বারা ৩য় ভেন্ট্রিকলের সাথে যুক্ত থাকে ৩য় ভেন্ট্রিকল 'সেরেব্রাল অ্যাকুইডাক্ট' বা 'অ্যাকুইডাক্ট অব সিলভিয়াস' দ্বারা ৪র্থ ভেন্ট্রিকলের সাথে যুক্ত থাকে।



চিত্র ১: মস্তিষ্কের ভেন্ট্রিকলসমূহ

(Ref: আজমল স্যার, মাজেদা ম্যাডাম)

SAQ Short Ans Question WRITTEN SUGGESTION BAQ Broad Ans Question

◆ সুষুম্নাকান্ডের অংশগুলোর নাম লিখ?

উত্তর: সুষুম্নাকান্ডের অংশগুলোর নাম :

১. কেন্দ্রীয় নালি
২. সেরিব্রোস্পাইনাল ফ্লুইড
৩. ধূসর বস্তু বা গ্রে ম্যাটার
৪. শ্বেত বস্তু বা হোয়াইট ম্যাটার
৫. পৃষ্ঠীয়মূল বা ডর্সাল রুট
৬. অক্ষীয়মূল বা ভেন্ট্রাল রুট

◆ গ্রে-ম্যাটার ও হোয়াইট ম্যাটার এর মধ্যে পার্থক্য লিখ?

উত্তর: গ্রে-ম্যাটার ও হোয়াইট ম্যাটার এর মধ্যে পার্থক্য :

পার্থক্যের বিষয়	গ্রে ম্যাটার বা ধূসর পদার্থ	হোয়াইট ম্যাটার বা শ্বেত পদার্থ
বর্ণ	ধূসর বর্ণের	শ্বেত বর্ণের
গঠন	কোষদেহ, ডেনড্রাইট এবং সিন্যাপস নিয়ে গঠিত	মায়োলিন সিথযুক্ত নিউরনের অ্যাক্সন নিয়ে গঠিত
অবস্থান	মস্তিষ্কে গ্রে ম্যাটারের নিচে হোয়াইট ম্যাটার থাকে	সুষুম্নাকাণ্ডে হোয়াইট ম্যাটারের নিচে গ্রে ম্যাটার থাকে

◆ সেরেবেলাম এর কাজ লিখ?

উত্তর: • দেহের ভারসাম্য নিয়ন্ত্রণ এর প্রধান কাজ

- মাথা ও চোখের সম্বলন নিয়ন্ত্রণ করে।
- ঐচ্ছিক চলাফেরা অর্থাৎ দেহভঙ্গি, পেশিটান নিয়ন্ত্রণ, দৌড়ানো, টাইপ করা, পিয়ানো বাজানো, দেহের সুষ্ঠু ও সাবলীল চলাফেরা, চলাফেরার দিক নির্ধারণ ইত্যাদি নিয়ন্ত্রণ করে।
- দেহের সকল স্বয়ংক্রিয় কার্যকলাপ নিয়ন্ত্রণ করে।



REAL TEST



ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS

**STEP 01 ANALYSIS OF DU QUESTION**

01. মানুষের মস্তিষ্ক ও সুষুম্নাকাণ্ডের আবরণ কোনটি? [DU: 19-20]

- A. মেনিনজেস B. পেরিটোনিয়াম C. পেরিকার্ডিয়াম D. নিউরোকার্ডিয়াম

Ans A Why • সমগ্র মস্তিষ্ক ও সুষুম্নাকাণ্ড একটি দৃঢ় ও মজবুত আবরণে আবৃত থাকে। একে মেনিনজেস (Meninges) বলে। মেনিনজেস ৩টি তন্তুময় ঝিল্লি নিয়ে গঠিত যথা: বাইরের ড্যুরাম্যাটার, মধ্যবর্তী অ্যারাকনয়েড ম্যাটার এবং ভিতরের পায়াম্যাটার। মেনিনজেসের সংক্রমণকে মেনিনজাইটিস বলে।

- পেরিটোনিয়াম: সিলোমের বাইরের আবরণ।
- পেরিকার্ডিয়াম: হৃৎপিণ্ডের বাইরের আবরণ।

02. মস্তিষ্কের কোন অংশ দেহের ভারসাম্য রক্ষা করে?

[DU: 11-12, 99-00; JU: Unit-D; Set-M; 19-20; BU:15-16, 12-13; RU:16-17]

- A. Cerebelum B. Cerebrum C. Pons D. Hypothalamus

Ans A Why সেরেবেলামের কাজ: ঐচ্ছিক চলাফেরাকে নিয়ন্ত্রণ করে। ঐচ্ছিক পেশির পেশিটান নিয়ন্ত্রণ করে। দেহের ভারসাম্য ও দেহভঙ্গি বজায় রাখে। চলাফেরার দিক নির্ধারণ করে।

STEP 02 ANALYSIS OF JU QUESTION

01. মস্তিষ্কের কোন অংশ বুদ্ধিবৃত্তি, স্মৃতিশক্তি ও বিচারবুদ্ধির কেন্দ্র হিসেবে কাজ করে? [JU: Unit-D; Set-I; 19-20]

- A. সেরেব্রাম B. থ্যালামাস C. সেরেবেলাম D. পনস

Ans A Why সেরেব্রামের কাজ: সংবেদী অঙ্গ থেকে আসা অনুভূতি গ্রহণ ও বিশ্লেষণ করে। চিন্তা, বুদ্ধি, ইচ্ছাশক্তি, উদ্ভাবনীশক্তি প্রভৃতি উন্নত মানসিক বোধের নিয়ন্ত্রণ করে। বিভিন্ন সহজাত প্রবৃত্তির নিয়ন্ত্রক হিসেবে কাজ করে। বাকশক্তিকে নিয়ন্ত্রণ করে। দেহের সব ঐচ্ছিক পেশির কার্যকলাপ নিয়ন্ত্রণ করে।

02. পাইরোজেন মস্তিষ্কের কোথায় বিপাকীয় পরিবর্তন ঘটায়? [JU: Unit-D; Set-I, 18-19]

- A. সেরেব্রাম B. হাইপোথ্যালামাস
-
- C. সেরেবেলাম D. ফ্রন্টাল লোবে

Ans B

03. কোনটি মানুষের স্বাভাবিক শ্বাসক্রিয়ার হার নিয়ন্ত্রণ করে? [JU: D; Set: 05, 17-18]

- A. পনস B. সেরেবেলাম
-
- C. থ্যালামাস D. মেডুলা অবলংগাটা

Ans A

04. একজন পূর্ণবয়স্ক মানুষের সেরেবেলামের আনুমানিক গড় ওজন কত?

[JU: D; Set: 09, 17-18]

- A. ১৪৫ গ্রাম B. ১৫০ গ্রাম C. ১৬০ গ্রাম D. ১৬৫ গ্রাম

Ans B

05. মানবদেহের সেরেবেলাম কোন মস্তিষ্কের অংশ? [JU: D, 17-18, 13-14; RU: 13-14]

- A. অগ্রমস্তিষ্ক B. মধ্যমস্তিষ্ক
-
- C. পশ্চাৎমস্তিষ্ক D. কোনটি নয়

Ans C

06. মানবদেহের মস্তিষ্কের সেরেবেলামের গোলার্ধ দুটি কি দ্বারা যুক্ত থাকে? [JU: 13-14]

- A. কর্পাস ক্যালোসাম B. ভার্মিস
-
- C. সেরেব্রাল অ্যাকুইডাক্ট D. ফোরায়েন অব মনরো

Ans B

07. মস্তিষ্কের কোন অংশ আবেগ/মানুষের ব্যক্তিত্ব ও সামাজিক আচরণের নিয়ন্ত্রণ করে? [JU: D, 13-14; RU: 13-14, 11-12, 10-11; MAT: 06-07; JUST: 15-16]

- A. থ্যালামাস B. হাইপোথ্যালামাস
-
- C. মেডুলা D. প্যারাথাইরয়েড

Ans A**STEP 03 ANALYSIS OF RU QUESTION**

01. বুদ্ধিবৃত্তি, স্মৃতিশক্তি, ইচ্ছাশক্তি ইত্যাদির কেন্দ্র হিসেবে কাজ করে মস্তিষ্কের—

[RU: Sinovac, Set-1. 20-21]

- A. সেরেব্রাম B. থ্যালামাস C. সেরেবেলাম D. পনস

Ans A Why সেরেব্রাম এর কাজ: চিন্তা, বুদ্ধি, ইচ্ছাশক্তি, উদ্ভাবনী শক্তি প্রভৃতি মানসিক বোধের নিয়ন্ত্রণ ও সহজাত প্রবৃত্তি, বাকশক্তি এবং ঐচ্ছিক পেশীর কার্যকলাপ নিয়ন্ত্রণ করে।

02. শ্বসনের মৌলিক ছন্দ নিয়ন্ত্রণ করে—

[RU: 15-16]

- A. সেরিব্রাম B. সেরিবেলাম
-
- C. হাইপোথ্যালামাস D. মেডুলা

Ans D

03. নিম্নের কোনটি হাইপোথ্যালামাসের কাজ? [RU: 12-13; MAT: 04-05, 09-10]

- A. অল্প ও ক্ষারের সাম্যতা রক্ষা করা
-
- B. ঐচ্ছিক চলাফেরা নিয়ন্ত্রণ করা
-
- C. দেহের ভারসাম্য রক্ষা করা
-
- D. দেহতাপ নিয়ন্ত্রণ করা

Ans D

04. মস্তিষ্কের কোন অংশকে প্রেরকযন্ত্র বলে? [RU: 11-12]

- A. হাইপোথ্যালামাস B. থ্যালামাস
-
- C. সেরিবেলাম D. সেরিব্রাল কর্টেক্স

Ans B

05. ক্ষুধা, তৃষ্ণা, ঘুম প্রভৃতির কেন্দ্র হিসাবে কাজ করে মস্তিষ্কের কোন অংশ? [RU: 11-12]

- A. সেরেব্রাম B. থ্যালামাস
-
- C. হাইপোথ্যালামাস D. সেরেবেলাম

Ans C

06. আচরণ নিয়ন্ত্রণের সর্বময় ক্ষমতার অধিকারী কোনটি? [RU: F1, 10-11]

- A. মেরুরজ্জু B. থ্যালামাস
-
- C. হাইপোথ্যালামাস D. মস্তিষ্ক

Ans B

07. চতুর্থ ভেন্ট্রিকলের অবস্থান হচ্ছে— [RU: 08-09]

- A. হৃৎপিণ্ডে B. বৃক্কে
-
- C. চোখে D. মস্তিষ্কে

Ans D

08. ঘুমন্ত মানুষকে হঠাৎ জাগিয়ে তোলা কার কাজ? [RU: 04-05]

- A. সেরেব্রাম B. থ্যালামাস
-
- C. সেরেবেলাম D. সবগুলোই

Ans B**STEP 04 ANALYSIS OF CU QUESTION**

01. ক্ষুধা উদ্বেগের স্থানটি মস্তিষ্কের কোথায় অবস্থিত? [CU: 19-20; MAT: 14-15]

- A. সেরেব্রাম B. সেরেবেলাম
-
- C. মেডুলা অবলংগাটা D. হাইপোথ্যালামাস

Ans D Why হাইপোথ্যালামাস: দেহ তাপ নিয়ন্ত্রণ, ক্ষুধা, তৃষ্ণা, ঘাম, ঘুম, রাগ, পীড়ন, ভালোলাগা, ঘৃণা, উদ্বেগ প্রভৃতির কেন্দ্র হিসেবে কাজ করে।

02. অগ্রমস্তিষ্কের অংশ হচ্ছে— [CU: 17-18]

- A. সেরেবেলাম B. সেরেব্রাম
-
- C. মেডুলা অবলংগাটা D. সেরেব্রাল পেডাক্সল

Ans B

03. মানুষের মস্তিষ্কের কোন অংশটি শরীরের তাপমাত্রা নিয়ন্ত্রণের সাথে সম্পর্কিত? [CU: F1, 16-17]

- A. সেরিবেলাম B. সেরিব্রাম
-
- C. মেডুলা অবলংগাটা D. হাইপোথ্যালামাস

Ans D**STEP 05 ANALYSIS OF DU-7 Clg QUESTION**

01. কোনটি পশ্চাৎমস্তিষ্কের অংশ? [DU-7Clg: 19-20]

- A. সেরেব্রাম B. সেরেব্রাল পেডাক্সল
-
- C. সেরেবেলাম D. হাইপোথ্যালামাস

Ans C Why • অগ্র মস্তিষ্কের অংশ : সেরেব্রাম, থ্যালামাস, হাইপোথ্যালামাস।
• মধ্যমস্তিষ্কের অংশ : সেরেব্রাল পেডাক্সল, কর্পোরা কোয়াল্ডিজেমিন, সেরেব্রাল অ্যাকুইডাক্ট।
• পশ্চাৎ মস্তিষ্কের অংশ : সেরেবেলাম, মেডুলা অবলংগাটা, পনস।

STEP 06 ANALYSIS OF GST QUESTION

01. মানব মস্তিষ্কের সবচেয়ে বড় অংশের নাম কী? [GST-A. 20-21]
A. সেরেব্রাম B. সেরেবেলাম C. মেডুলা অবলংগাটা D. মধ্য মস্তিষ্ক

Ans A Why মস্তিষ্কের বিভিন্ন অংশ:

ক্রমিক মস্তিষ্ক	প্রাপ্তবয়স্কের মস্তিষ্ক	কাজ ও গঠন
অগ্রমস্তিষ্ক (প্রোসেনসেফালন)	সেরেব্রাম	<ul style="list-style-type: none"> মস্তিষ্কের সবচেয়ে বড় অংশ, মোট মস্তিষ্কের ৮০% দুটি সেরেব্রাল হেমিস্ফিয়ার নামক খণ্ড কর্পাস ক্যালোসাম নামক স্নায়ুগুচ্ছ দ্বারা যুক্ত থাকে সেরেব্রাম অঞ্চল আঘাত প্রাপ্ত হলে মানুষ প্যারালাইজড হয়ে যায়
	থ্যালামাস	<ul style="list-style-type: none"> সেরেব্রাম এর প্রধান প্রবেশ পথ বা সিংহদ্বার বলে
	হাইপোথ্যালামাস	<ul style="list-style-type: none"> জীব তাত্ত্বিক ঘড়ি বা Biological Clock বলে স্বয়ংক্রিয় স্নায়ুকেন্দ্রের কেন্দ্র হিসেবে কাজ করে।
মধ্যমস্তিষ্ক	মেসেনসেফালন	অগ্র ও পশ্চাৎমস্তিষ্কের মধ্যে যোগসূত্র রচনা করে; বিভিন্ন দর্শন ও শ্রবণ তথ্যের সমন্বয় ঘটায় এবং প্রতিবেদন সৃষ্টি করে
পশ্চাৎমস্তিষ্ক (রম্বেনসেফালন)	সেরেবেলাম	ঐচ্ছিক চলাফেরা নিয়ন্ত্রণ করে।
	পনস (সেতু মস্তিষ্ক)	<ul style="list-style-type: none"> মস্তিষ্কের বাম অংশ দেহের ডান অংশের এবং ডান অংশ দেহের বাম অংশের কার্যাবলী নিয়ন্ত্রণ করে
	মেডুলা অবলংগাটা	<ul style="list-style-type: none"> ৮টি (V-XII) করোটিক স্নায়ু উৎপত্তি লাভ করে
মেনিনজেস		<ul style="list-style-type: none"> মস্তিষ্কের বহিঃস্থ আবরণীকে মেনিনজেস CSF স্তর স্তর ভূমিকা পালন করে

PART A Analysis of General University Question**JnU**

01. ডুরাম্যাটার এক ধরনের— [JnU.08-09; BSMRSTU: Unit-C; 19-20]
A. হরমোন B. এনজাইম C. পর্দা D. নালি
